

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১০৩১

২২/ পानि त्रिक्षन (کتاب المساقاة)

পরিচ্ছেদঃ ২২/২১. উট বিক্রি করা ও তাতে চড়ে যাওয়ার শর্ত লাগান।

بيع البعير واستثناء ركوبه

আরবী

حديث جَابِرِ بْنِ عَبْدِ اللهِ، قَالَ: اشْتَرَى مِنِّي النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعِيرًا بِوَقِيَّتَيْنِ وَدِرْهَمٍ أَقْ دِرْهَمَيْنِ، فَلَمَّا قَدِمَ صِرَارًا أَمَرَ بِبَقَرَةٍ فَذُبِحَتْ، فَأَكَلُوا مِنْهَا، فَلَمَّا قَدِمَ الْمَدِينَةَ أَمْرَنِي أَنْ آتِيَ الْمَسْجِدَ فَأُصلِّي رَكْعَتَيْنِ، وَوَزَنَ لِي ثَمَنَ الْبَعِيرِ

বাংলা

১০৩১. জাবির ইবনু 'আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার নিকট নিকট হতে একটি উট দু' উকিয়া ও এক দিরহাম কিংবা দু দিরহাম দ্বারা কিনে নেন এবং তিনি যখন সিরার নামক স্থানে পৌছেন, তখন একটি গাভী যবহ করার নির্দেশ দেন। অতঃপর তা যব্হ করা হয় এবং সকলে তার মাংস আহার করে। আর যখন তিনি মদীনায় উপস্থিত হলেন তখন আমাকে মসজিদে প্রবেশ করে দু' রাকাআত সালাত আদায় করতে আদেশ করলেন এবং আমাকে উটের মূল্য পরিশোধ করে দিলেন।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৫৬ : জিহাদ ও যুদ্ধাভিযান, অধ্যায় ১৯৯, হাঃ ৩০৮৯; মুসলিম, পর্ব ২২ : পানি সিঞ্চন, অধ্যায় ২১, হাঃ ৭১৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন